**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ৬ জুলাই ২০১৫, ২২ আষাঢ় ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনে পিজিআর সদস্যদের রাষ্ট্রপতির নির্দেশ
২। সর্বোচ্চ দেশপ্রেম ও নিষ্ঠায় দেশ এগিয়ে নিন : প্রধানমন্ত্রী
৩। বিচার বিভাগ সম্পর্কে মানহানিকর বক্তব্য দিলে ব্যবস্থা : প্রধান বিচারপতির হুঁশিয়ারি
৪। বিলম্ব ফি ছাড়া একাদশে ভর্তি ২৬ জুলাই পর্যন্ত : সমস্যার জন্য শিক্ষামন্ত্রীর দুঃখ প্রকাশ
৫। সংসদে খুলনা কৃষি বিশ্ববিদ্যালয় বিল-২০১৫ পাস
৬। ব্যাংকে নিরাপত্তা বৃদ্ধির নির্দেশ : ভল্টে বাড়তি টাকা নয়
৭। সমাজে বিদ্যমান  বৈষম্য অগ্রগতির জন্য চ্যালেঞ্জ : বিবিএস ও ইউনিসেফ জরিপে তথ্য
৮। নতুন ১৫ জেলা রেল নেটওয়ার্কের আওতায় আসবে : রেলমন্ত্রী
৯। ব্রাজিলের গম খাওয়ার উপযোগী : হাইকোর্টে রিপোর্ট খাদ্য অধিদফতরের
১০। ১৬২ ছিটমহলে জনগণনা শুরু আজ
১১। অপেক্ষমাণ তালিকাভুক্তরাও হজে যেতে পারবেন : সৌদি কর্তৃপক্ষের আশ্বাস পাওয়া গেছে

চলমান পাতা/২

১। নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনে পিজিআর সদস্যদের রাষ্ট্রপতির নির্দেশ

প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের (পিজিআর) দায়িত্ব ও কর্তব্য তুলে ধরে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ দায়িত্ব পালনকালে রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের কাছ থেকে সাধারণ মানুষ যাতে বিচ্ছিন্ন হয়ে না পড়েন সে বিষয়ে সজাগ থাকার জন্য পিজিআরকে নির্দেশ দিয়েছেন। তিনি বলেন, আপনারা যাদের নিরাপত্তা দেন, তারা বেশির ভাগই রাজনৈতিক ব্যক্তিত্ব এবং রাজনীতির সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত। এ কারণে রাজনৈতিক কর্মকাণ্ড ছাড়াও তাদের ওপর অর্পিত রাষ্ট্রীয় ও সরকারি দায়িত্ব পালন এবং নেতাকর্মীদের সঙ্গে যোগাযোগ রক্ষা করতে হয়। সেনানিবাসস্থ পিজিআর সদর দফতরে পিজিআর-এর ৪০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে শহীদ ক্যাপ্টেন হাফিজ হলে অনুষ্ঠিত পিজিআর দরবারে রাষ্ট্রপতি এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.১), ডেইলি সান (পৃ.২,ক.২)।

২। সর্বোচ্চ দেশপ্রেম ও নিষ্ঠায় দেশ এগিয়ে নিন : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নেতৃত্বের প্রতি সম্পূর্ণ আস্থা রেখে সেনা সদস্যদের সকল কাজে এগিয়ে যাওয়ার প্রত্যাশা ব্যক্ত করে বলেছেন, বাংলাদেশ সেনাবাহিনীর প্রতিটি সদস্য এ উন্নয়ন অগ্রযাত্রার অংশীদার। আপনারা সর্বোচ্চ দেশপ্রেম ও কর্তব্যনিষ্ঠার মাধ্যমে বাংলাদেশকে আরও সামনের দিকে এগিয়ে নেবেন। আমার প্রত্যাশা আপনারা বাংলাদেশ সেনাবাহিনীকে বিশ্বের বুকে একটি মর্যাদাপূর্ণ বাহিনীতে পরিণত করবেন। প্রধানমন্ত্রী গতকাল ৫ জুলাই রোববার ঢাকা সেনানিবাসে পিজিআর সদর দফতরে স্বতন্ত্র প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের ৪০তম প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে এ কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.২,ক.১), ইত্তেফাক (পৃ.১,ক.৬), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৫), ডেইলি সান (শেষ পৃ.,ক.১)।

৩। বিচার বিভাগ সম্পর্কে মানহানিকর বক্তব্য দিলে ব্যবস্থা : প্রধান বিচারপতির হুঁশিয়ারি

বিচার বিভাগ সম্পর্কে যদি অযাচিত মানহানিকর নানা রকম বক্তব্য দেওয়া হয়, সে ক্ষেত্রে বিচার বিভাগ তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে কুণ্ঠাবোধ করবে না এবং বিচার বিভাগের হাত এত খাটো না যে, এ ধরনের অহেতুক বক্তব্য সব সময় হজম করবে। বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের জামিন বিষয়ে শুনানির একপর্যায়ে গতকাল ৫ জুলাই রোববার প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা এমন বক্তব্য দিয়েছেন বলে সাংবাদিকদের জানিয়েছেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম। সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.১)।

৪। বিলম্ব ফি ছাড়া একাদশে ভর্তি ২৬ জুলাই পর্যন্ত : সমস্যার জন্য শিক্ষামন্ত্রীর দুঃখ প্রকাশ

একাদশ শ্রেণিতে ভর্তির ভোগান্তিকে 'উন্নয়নের বেদনা' বলে উল্লেখ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেছেন, এখনো যারা ভর্তি হতে পারেনি, তারা কোনো প্রকার বিলম্ব ফি ছাড়াই আগামী ৩ সপ্তাহের মধ্যে একাদশে ভর্তি হতে পারবে। চারটি পর্যায়ে এই ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। গতকাল ৫ জুলাই রোববার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.১,ক.১), ইত্তেফাক (পৃ.১,ক.৮), ডেইলি স্টার (পৃ.১,ক.৪), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২)।

৫। সংসদে খুলনা কৃষি বিশ্ববিদ্যালয় বিল-২০১৫ পাস

জাতীয় সংসদে গতকাল ৫ জুলাই রোববার খুলনা কৃষি বিশ্ববিদ্যালয় বিল-২০১৫ পাস করা হয়েছে। কৃষি ক্ষেত্রে অগ্রসরমান বিশ্বের সঙ্গে সঙ্গতি রক্ষা, সমতা অর্জন ও জাতীয় পর্যায়ে কৃষি বিষয়ে উচ্চতর শিক্ষা ও গবেষণার সুযোগ সৃষ্টি করতে সুনির্দিষ্ট বিধানসহ খুলনা কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের বিধান করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বিলটি পাসের প্রস্তাব করেন। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.৮), জনকণ্ঠ (পৃ.২,ক.৭), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.৫), নিউজ টুডে (পৃ.৩,ক.৬)।

৬। ব্যাংকে নিরাপত্তা বৃদ্ধির নির্দেশ : ভল্টে বাড়তি টাকা নয়

দেশে ব্যাংকগুলোর ভল্টে কাঠামোগত নিরাপত্তার পাশাপাশি প্রযুক্তিগত নিরাপত্তা জোরদারের নির্দেশ দেওয়া হয়েছে। চাহিদার তুলনায় বেশি অর্থ যেন কোনোভাবেই সংরক্ষণ করা না হয় সে বিষয়েও বিশেষভাবে সতর্ক থাকতে বলা হয়েছে। আর যেকোনো ধরনের দুর্ঘটনা মোকাবিলায় ব্যাংকের প্রতিটি শাখায় অটো এলার্ম সিস্টেম চালুর নির্দেশ প্রদান করা হয়েছে। এ সংক্রান্ত আগের একাধিক নির্দেশনাসমূহ সংযোজন, পরিবর্ধন ও পরিমার্জন করে সমন্বিত আকারে প্রজ্ঞাপন জারি করে গতকাল ৫ জুলাই রোববার দেশে কার্যরত সকল তফসিলি ব্যাংকের প্রধান নির্বাহীদের কাছে পাঠানো হয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯,ক.৫), প্রথম আলো (পৃ.১৩,ক.২), যুগান্তর (পৃ.২,ক.৬), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৬)।

৭। সমাজে বিদ্যমান বৈষম্য অগ্রগতির জন্য চ্যালেঞ্জ : বিবিএস ও ইউনিসেফ জরিপে তথ্য

বাংলাদেশে নারী ও শিশুদের উন্নয়নের অনেক ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হলেও মানুষের সব শ্রেণি পেশা একসঙ্গে বিবেচনা করলে বৈষম্য বিদ্যমান। আর এই বৈষম্যের কারণে অগ্রগতির সামনে চ্যালেঞ্জ থেকেই যায়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এবং ইউনিসেফ পরিচালিত এক জরিপে এ তথ্য প্রকাশিত হয়েছে। গতকাল

৫ জুলাই রোববার মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার  সার্ভে (মিকস)২০১২-১৩, 'প্রগতির পথে'- এর সম্পূর্ণ ফলাফল প্রকাশ করা হয়। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.২), যুগান্তর (পৃ.১,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২)। প্রথম আলো, নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। নতুন ১৫ জেলা রেল নেটওয়ার্কের আওতায় আসবে : রেলমন্ত্রী

রেলপথ মন্ত্রী মো. মুজিবুল হক সংসদে প্রশ্নোত্তর পর্বে বলেছেন, রেলের ৪ হাজার ৫৩৮টি বাসা বেদখল হিসেবে চিহ্নিত করা হয়েছে। এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, রেলওয়ের মাস্টারপ্ল্যান বাস্তবায়িত হলে নতুনভাবে ১৫টি জেলা রেলওয়ে নেটওয়ার্কের আওতায় আসবে। গতকাল ৫ জুলাই রোববার দশম সংসদের ৬ষ্ঠ (বাজেট) অধিবেশনের ২৩তম কার্যদিবসে প্রশ্নোত্তর পর্বে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৮), ভোরের কাগজ (পৃ.১,ক.২), যুগান্তর (শেষ পৃ.,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৪), নিউ এজ (শেষ পৃ.,ক.৭)।

৯। ব্রাজিলের গম খাওয়ার উপযোগী : হাইকোর্টে রিপোর্ট খাদ্য অধিদফতরের

ব্রাজিল থেকে চারশ কোটি টাকায় আমদানি করা গম মানুষের খাওয়ার উপযোগী বলে উচ্চ আদালতে প্রতিবেদন দিয়েছে খাদ্য অধিদফতর। এ বিষয়ে শুনানির জন্য রিট আবেদনকারীপক্ষ সময় চাওয়ায় ৮ জুলাই পরবর্তী আদেশের জন্য দিন রেখেছেন হাইকোর্ট। পূর্বের নির্দেশনা অনুযায়ী রাষ্ট্রপক্ষ গতকাল ৫ জুলাই রোববার গম নিয়ে খাদ্য অধিদফতরের মহাপরিচালকের প্রতিবেদন আদালতে জমা দিলে বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের সমন্বয়ে গঠিত হাইকোর্টের দ্বৈত বেঞ্চ এই আদেশ প্রদান করেছেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৮), সংবাদ (শেষ পৃ.,ক.৬), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.২)। যুগান্তর, নয়াদিগন্ত, ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেস, নিউজ টুডে, নিউ নেশন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। ১৬২ ছিটমহলে জনগণনা শুরু আজ

ভারত ও বাংলাদেশের ভেতরে থাকা দুই দেশের ১৬২টি ছিটমহলে যৌথ জনগণনা শুরু হচ্ছে আজ ৬ জুলাই সোমবার। চলবে ১৬ জুলাই পর্যন্ত। এর আগে ২০১১ সালে যৌথভাবে দুই দেশে সর্বশেষ জনগণনা হয়। ভারতের ভূখণ্ডে ৫১টি বাংলাদেশি ছিটমহল আর বাংলাদেশের ভূখন্ডে ১১১টি ভারতীয় ছিটমহল রয়েছে। দুই দেশের প্রতিনিধিদের নিয়ে ৭৫টি যৌথ দল এ জনগণনা করবে। এই জনগণনার ফল প্রকাশ করা হবে ২০ জুলাই। সূত্র-যায়যায়দিন (পৃ.১, ক.৫), ভোরের কাগজ (পৃ.১,ক.১), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.১)। ডেইলি স্টার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১১। অপেক্ষমাণ তালিকাভুক্তরাও হজে যেতে পারবেন : সৌদি কর্তৃপক্ষের আশ্বাস পাওয়া গেছে

নির্ধারিত হজযাত্রীর বাইরে অপেক্ষমাণ তালিকায় থাকা ব্যক্তিরাও হজে যেতে পারবেন বলে আশ্বাস দিয়েছে সৌদি কর্তৃপক্ষ। গতকাল ৫ জুলাই রোববার জাতীয় সংসদ ভবনে ধর্ম মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির বৈঠক শেষে এ তথ্য জানান কমিটির সভাপতি বজলুল হক হারুন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.১), ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৩), নিউজ টুডে (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : ঈদ উৎসবকে সামনে রেখে ছিনতাই ও চাঁদাবাজি বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে রাজধানীসহ সারা দেশে পুলিশি টহল ও নজরদারি জোরদার করার ওপর গুরুত্বারোপ;

খ. ইত্তেফাক : আইসিডিডিআরবি'র এক গবেষণায় প্রকাশিত ৪৫ শতাংশের বেশি স্কুলে স্যানিটেশন সংকট রয়েছে যা শিক্ষার্থীদের স্বাস্থ্যের ওপর মারাত্মক নেতিবাচক প্রভাব ফেলছে উল্লেখ করে মানসম্পন্ন ও আধুনিক স্যানিটেশন নির্মাণ বা সংস্কারে শিক্ষা মন্ত্রণালয় পৃথক পদক্ষেপ গ্রহণ করবে এই প্রত্যাশা ব্যক্ত;

গ. সংবাদ : যুক্তরাজ্য প্রবাসী নিখোঁজ এক বাংলাদেশি পরিবার জঙ্গিগোষ্ঠী আইএসে যোগ দেওয়ার খবরে শঙ্কা প্রকাশ করে আন্তর্জাতিক সন্ত্রাসবাদ মোকাবিলা করতে সন্ত্রাসবাদবিরোধী জোট গড়ে তোলার ওপর গুরুত্বারোপ;

ঘ. সমকাল : সরকার রেলের আধুনিকায়নে যেসব প্রতিশ্রুতি দিয়েছে ও উদ্যোগ নিয়েছে তা যথাযথ বাস্তবায়নের প্রত্যাশা জানিয়ে বিদ্যমান অবকাঠামো ও লোকবলেই সেবার মান বৃদ্ধির দিকে নজর দেওয়ার সুপারিশ;

ঙ. ইনকিলাব : রাজধানীসহ সারাদেশে ঈদ যাত্রা যাতে নির্বিঘ্ন হয় সেদিক বিবেচনায় রেখে জরুরিভিত্তিতে সড়ক সংস্কার করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দৃষ্টি আকর্ষণ;

চ. ডেইলি স্টার : সিজারিয়ান অপারেশনের মাধ্যমে বাচ্চার জন্মদানের হার ৯ শতাংশ থেকে ২৩ শতাংশ বেড়ে যাওয়ায় বেসরকারি হাসপাতালগুলোকে এ ব্যাপারে অপ্রয়োজনীয় সিজারিয়ান না করে নৈতিকতা ও দায়বদ্ধতার পরিচয় দেওয়ার আহ্বান;

ছ. ইন্ডিপেনডেন্ট : পদ্মা সেতু প্রকল্পের যথাযথ বাস্তবায়নের প্রত্যাশা;

জ. ডেইলি সান : দেশব্যাপী আমদানিকৃত সংরক্ষিত নিম্নমানের গম তুলে এনে বাজেয়াপ্ত করার সুপারিশ;

ঝ. নিউ নেশন : ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের রোগী ভর্তি থেকে শুরু করে চিকিৎসা, ওষুধ সব

কিছুতেই সিন্ডিকেট থাকার উল্লেখ করে কর্তৃপক্ষকে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান;

ঞ. নিউ এজ : রাজধানীতে গ্রাম থেকে লোকজনের অব্যাহত আগমন কমাতে গ্রামাঞ্চলে পর্যাপ্ত ভালো বাসস্থান, শিক্ষা, স্বাস্থ্যসেবা, খাদ্য ও স্যানিটেশনের ব্যবস্থা উন্নত করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশ যে ইতোমধ্যে অনেক এগিয়ে পাকিস্তান এবং শিল্পে পরাশক্তিতুল্য ভারতের সঙ্গে নিম্ন মধ্য আয়ের দেশের স্তরে উঠে গেছে তা পোশাকশিল্পে নারীর ব্যাপক অংশগ্রহণের কারণে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত ‘জঙ্গিগোষ্ঠীর টার্গেট যখন যুব সমাজ’ শিরোনামের নিবন্ধে ড. মিল্টন বিশ্বাস যুব সমাজকে জঙ্গিগোষ্ঠীর হাত থেকে রক্ষার জন্য জাতীয় পর্যায় থেকে নানা পদক্ষেপ গ্রহণ করা জরুরি হয়ে পড়েছে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা